



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
www.ecs.gov.bd

নম্বর: ১৭.০০.০০০০.০২৯.৯৯.০০১.২৩.২৫৬

তারিখ: ২২ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
০৬ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে ঢাকাসহ সারাদেশে ডেঙ্গুর প্রাদুর্ভাব তুলনামূলকভাবে বৃদ্ধি পেয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী প্রতিদিন উল্লেখযোগ্য সংখ্যক ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি হচ্ছে এবং মৃত্যুবরণ করছে। যত্রতত্র ময়লা আবর্জনা ফেলা, মৌসুমী বৃষ্টিপাত, জমানো পানি, বৈশ্বিক জলবায়ু পরিবর্তন ইত্যাদি কারণে এডিস মশার প্রজনন ক্ষেত্র প্রসারিত হচ্ছে, যা মূলত ডেঙ্গু রোগের প্রাদুর্ভাবের জন্য দায়ী। এডিস মশার প্রজনন রোধই পারে ডেঙ্গুর প্রাদুর্ভাব থেকে জনসাধারণকে রক্ষা করতে। এক্ষেত্রে জনসচেতনতা বৃদ্ধি এবং এডিস মশার প্রজনন ক্ষেত্র ধ্বংসের কোন বিকল্প নেই।

২। এমতাবস্থায়, ডেঙ্গু রোগ প্রতিরোধকল্পে এডিস মশার প্রজনন রোধে নির্বাচন ভবন, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট এবং মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের কর্মকর্তা-কর্মচারীগণকে নিজ নিজ কর্মস্থল এবং আবাসস্থলে নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা এবং পানি জমার পাত্র/স্থানসমূহ বিনষ্টকরণের জন্য নির্দেশনা প্রদান করা হল।

০৬-০৮-২০২৩
রাশেদুল ইসলাম
উপসচিব (সাধারণ সেবা)

নম্বর: ১৭.০০.০০০০.০২৯.৯৯.০০১.২৩.২৫৬/১(৮)

তারিখ: ২২ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
০৬ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। নির্বাচন কমিশন সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারী (সকল);
- ২। নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট এর কর্মকর্তা-কর্মচারী (সকল);
- ৩। মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী (সকল);
- ৪। আইডিইএ প্রকল্প (২য় পর্যায়) এর কর্মকর্তা-কর্মচারী (সকল);
- ৫। ইভিএম প্রকল্প এর কর্মকর্তা-কর্মচারী (সকল);
- ৬। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এঁর একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এঁর সদয় অবগতির জন্য);
- ৭। মাননীয় নির্বাচন কমিশনারগণ(১-৪)-এঁর একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনারগণ(১-৪)-এঁর সদয় অবগতির জন্য) এবং
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



০৬-০৮-২০২৩
জাকির মাহমুদ
সহকারী সচিব (সাধারণ সেবা-২)